

2 APR 2013

**তিনটি বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা ১১ হাজার
হাজার শিক্ষার্থীর জীবন অনিশ্চিত**

ইশতিয়াক হুসাইন : জাহাঙ্গীরনগর, শাহজালাল বিশ্ববিদ্যালয়সহ দেশের তিনটি বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা চলছে। উপাচার্যের পদত্যাগসহ বিভিন্ন দাবিতে শিক্ষকদের আন্দোলনের ফলে এ অবস্থার সৃষ্টি হয়েছে। এ কারণে হাজার হাজার শিক্ষার্থীর জীবন অনিশ্চিততার মুখে পড়ছে। কিন্তু এসব সমস্যা সমাধানের কোন উদ্যোগ নেই।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ১১ দিন ধরে অচল হয়ে রয়েছে। উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষের পদত্যাগের দাবিতে গত ২২শে মার্চ থেকে শিক্ষকরা কর্মবিরতি পালন করে আসছেন। উপাচার্য প্যানেল নির্বাচন ঘোষণার দাবিতে শিক্ষকরা এ আন্দোলন করছেন। মূলত সরকার সমর্থক বিএনপিপন্থী শিক্ষকরাই এ আন্দোলনের নেতৃত্ব দিচ্ছেন। আওয়ামী লীগ ও বামপন্থী শিক্ষকরাও আন্দোলনে যোগ দিয়েছেন। বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট এ অচলাবস্থার পরিস্থিতিতে প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা নেয়ার তারিখ দু'বার পিছিয়েছে। সাধারণ ছাত্রছাত্রীরা শিগগিরই অবিলম্বে ক্লাসসহ সকল অ্যাকাডেমিক কার্যক্রম চালু করার দাবি জানিয়েছেন। তবে সরকার সমর্থক ছাত্র সংগঠন ছাত্রদলের বিশ্ববিদ্যালয় : পৃঃ ২ কঃ ৪

**বিশ্ববিদ্যালয় : অচলাবস্থা
(১২ পৃষ্ঠার পর)**

এখানে আন্দোলনে উপাচার্যের পক্ষে সমর্থন যোগাচ্ছে।

সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২৪ দিন ধরে অচলাবস্থা চলছে। উপাচার্যের পদত্যাগের দাবিতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা গত ৯ই মার্চ থেকে অসহযোগ আন্দোলন শুরু করেছেন। উপাচার্য সাংবাদিকদের বলেছেন, যেসকল পদত্যাগের প্রস্তুতি ওঠেনা। আন্দোলনরত শিক্ষক ও উপাচার্যের কঠোর অবস্থানের কারণে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি ক্রমেই জটিল আকার ধারণ করছে। ছাত্রছাত্রীরা অচলাবস্থা নিরসনে সরকারের হস্তক্ষেপ কামনা করেছেন।

দিনাজপুর হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বহুতল বেতন বাড়িদলসহ বিভিন্ন দাবিতে আন্দোলনরত ছাত্রদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হলে উপাচার্যসহ ৫০ জন শিক্ষার্থী আহত হয়। এ ঘটনার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনিশ্চিতকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেন। গত ১৫ দিন ধরে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে আছে; কিন্তু কবে খুলবে কেউ তা বলতে পারছে না। ১০দিন অচল থাকার পর দেশের অন্যতম প্রধান শিক্ষা প্রতিষ্ঠান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গত শনিবার থেকে ক্লাস শুরু হয়েছে।

বিশ্ববিদ্যালয়গুলোতে এ অচলাবস্থার কারণে শিক্ষার্থীরা আবারও পেশনকট নামক অভিযানের কবলে পড়তে যাচ্ছে। শিক্ষার্থীদের অভিভাবকরাও উবেগ-উবেক্টায় দিন কাটাচ্ছেন।